



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮৩১.৯৯.০০৭.২২.১১৬

তারিখ: ২১ কার্তিক ১৪২৯

০৬ নভেম্বর ২০২২

বিষয়: ই-লার্নিং প্ল্যাটফর্ম “মুক্তপাঠ” এর মাধ্যমে "জাতীয় তথ্য বাতায়ন ব্যবস্থাপনা" ও "ই-নথি (Nothi) অফিস ব্যবস্থাপনা" কোর্স সম্পন্ন করে নিজ দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে অঙ্গীকারবদ্ধ এবং এ বিষয়ে সরকারি দপ্তরে ই-ফাইলিং এবং জাতীয় তথ্য বাতায়নের কার্যক্রম পরিচালিত হচ্ছে। উল্লেখ্য, আইসিটির প্রতি ঔদাসিন্য দূর করার জন্য কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে আইসিটি ব্যবহারের জন্য নম্বর বরাদ্দ করা হয়েছে এবং ওয়েব পোর্টাল হালনাগাদকরণ ও ইফাইলিং সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতির রিপোর্টটি “এপিএ” বাস্তবায়ন সূচকে মানদণ্ড হিসেবে গণ্য করা হচ্ছে। সরকারী কর্মকর্তাগণ যাতে দ্রুততম সময়ে জাতীয় তথ্য বাতায়ন (ওয়েবপোর্টাল) ব্যবস্থাপনা ও ই-নথি ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা পেতে পারেন, সে লক্ষে ই-লার্নিং প্ল্যাটফর্ম “মুক্তপাঠ” এ "জাতীয় তথ্য বাতায়ন ব্যবস্থাপনা" ও "ই-নথি (Nothi) অফিস ব্যবস্থাপনা" সম্পর্কে সার্টিফিকেট কোর্স প্রস্তুত করা হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাভুক্ত সকল দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ সুবিধামত সময়ে উল্লিখিত কোর্সসমূহ সম্পন্ন করে অর্জিত সনদপত্রের সফটকপি আগামী ২৫/১১/২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নে প্রদত্ত লিংকের মাধ্যমে প্রদান করবেন এবং নিজ দপ্তরের ওয়েবসাইটে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করবেন। এ বিষয়ে কোন পর্যায় থেকে শৈথিল্য প্রদর্শন করা যাবেনা। বিষয়টি অধিকতর গুরুত্ব সহকারে নজর দেয়ার জন্য অনুরোধক্রমে নির্দেশ দেয়া হলো।

জাতীয় তথ্য বাতায়ন ব্যবস্থাপনা কোর্সের লিংকঃ <https://muktopaath.gov.bd/course-details/882>

ই-নথি ব্যবস্থাপনা কোর্সের লিংকঃ <https://muktopaath.gov.bd/course-details/65>

অর্জিত সনদ প্রদানের লিংকঃ <https://forms.gle/GCgsKKfpeEbj24BDA>

৬-১১-২০২২

মোঃ বেনজীর আলম

মহাপরিচালক

ফোন: +৮৮০২৯১৪০৮৫০

ইমেইল: [dg@dae.gov.bd](mailto:dg@dae.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর  
সকল শাখা অধিশাখা

২) অধ্যক্ষ (সকল), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট।

৩) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
(অধীনস্থ দপ্তরসমূহকে অবহিতকরণের অনুরোধ সহ)

৪) উপপরিচালক, হার্টিকালচার সেন্টার (সকল), কৃষি

সম্প্রসারণ অধিদপ্তর

৫) উদ্যানতত্ত্ববিদ, হটিকালচার সেন্টার (সকল)

৬) নার্সারী তত্ত্বাবধায়ক, হটিকালচার সেন্টার (সকল)

স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮৩১.৯৯.০০৭.২২.১১৬/১(২৩)

তারিখ: ২১ কার্তিক ১৪২৯  
০৬ নভেম্বর ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

২) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পত্রটি ডিএইচ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



৬-১১-২০২২

মোঃ মছির উদ্দিন

উপপরিচালক